

বিনোদন

খালেদা জিয়ার সাজে চমক, সামাজিক মাধ্যমে প্রশংসার ঝড়

প্রতিবেদক: বিনোদন ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



অভিনেত্রী, মডেল ও ভুগার রুকাইয়া জাহান চমক এবার সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার সাজ ধারণ করে আলোচনায় এসেছেন। নিজের ভুগ সিরিজের নতুন পর্বে প্রয়াত এই সাবেক প্রধানমন্ত্রীকে নিয়ে আলোচনা করেছেন তিনি। সেখানেই খালেদা জিয়ার সাজে ক্যামেরার সামনে হাজির হন চমক।

সম্প্রতি নিজের ফেসবুক পেজে 'ডিসকভারিং বাংলাদেশ উইথ চমক' ভুগ সিরিজের দ্বিতীয় সিজনের ১৯তম পর্ব প্রকাশ করেন তিনি। 'বেগম খালেদা জিয়া' শিরোনামের ওই পর্বের ক্যাপশনে চমক লেখেন, এটি বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রীর গল্প। তাঁকে গণতন্ত্রের মা ও বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের আপসহীন নেত্রী হিসেবেও উল্লেখ করেন তিনি।

ঢাকার জিয়া উদ্যান ও একটি স্টুডিওতে ভিডিওটির দৃশ্য ধারণ করা হয়েছে। এতে চমককে হালকা রঙের প্রিন্টের শাড়ি, গলায় মুক্তার মালা ও চোখে সানগ্লাস পরা অবস্থায় দেখা যায়। তাঁর সাজ ও উপস্থিতি খালেদা জিয়ার পরিচিত অবয়বের কথা মনে করিয়ে দেয়।

ভিডিওটি প্রকাশের পর সামাজিক যোগাযোগমাধ্যমে নানা মন্তব্য আসতে থাকে। অনেকে চমকের সাজ ও উপস্থাপনার প্রশংসা করেছেন। একজন নেটিজেন মন্তব্য করেন, চমক একজন প্রতিভাবান শিল্পী। তাঁকে পুরোপুরি খালেদা জিয়ার মতো লাগছে বলেও মন্তব্য করেন তিনি।

কেউ কেউ লিখেছেন, এই প্রথম কেউ চমককে এত সুন্দরভাবে উপস্থাপন করেছেন। আবার কারও মন্তব্য, ভিডিওটি দেখে মুহূর্তের জন্য মনে হয়েছে, যেন সত্যিই খালেদা জিয়া।

এর আগে চলতি বছর কুষ্টিয়ার একটি আসন থেকে সংরক্ষিত নারী আসনে সংসদ সদস্য হতে বিএনপির হয়ে মনোনয়ন ফরম কিনে আলোচনায় এসেছিলেন চমক। সে সময় তিনি আনুষ্ঠানিকভাবে বিএনপিতে যোগ দেওয়ার কথাও জানিয়েছিলেন।

রুকাইয়া জাহান চমক ২০১৭ সালে ‘মিস ওয়ার্ল্ড বাংলাদেশ’ প্রতিযোগিতায় রানারআপ হন। এর মাধ্যমে শোবিজে তাঁর পথচলা শুরু। তিন বছরের বিরতি নিয়ে ২০২০ সালে ছোট পর্দায় অভিনয় শুরু করেন তিনি।

‘হায়দার’, ‘হাউস নম্বর-৯৬’, ‘মহানগর’, ‘সাদা প্রাইভেট’, ‘অসমাণ্ড’ ও ‘ভাইরাল হ্যাজব্যান্ড’-এর মতো নাটক ও ওয়েব সিরিজে অভিনয় করেছেন চমক। অল্প সময়েই দর্শকদের কাছে জনপ্রিয়তা পান তিনি। বর্তমানে অভিনয়ের পাশাপাশি ভ্লগিংয়েও ব্যস্ত সময় কাটাচ্ছেন এই অভিনেত্রী।

এ বিভাগের আরও খবর



একসময় গরিব ছেলে পছন্দ ছিল: প্রভা
অভিনেত্রী সাদিয়া জাহান প্রভাকে এখন পর্দায় কালেভদ্রে দেখা যায়। তবে সামাজিক যোগাযোগমাধ্যমে নিয়মিতই সরব তিনি।
বিভিন্ন পোস্টের মাধ্যমে অনুসারীকে...



বিমানবন্দরে গ্রেপ্তার অপু বিশ্বাসের ‘শিকার’ নায়ক
হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশ গ্রেপ্তারচাকা প্রতিনিধি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় সংঘটিত একটি হত্যা
মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশকে...



এক হাজার টাকায় শুরু, শেষটা নিঃস্ব হয়ে: জুয়া নিয়ে ভিডিও বানিয়ে প্রশংসায় চমক
এক হাজার টাকায় শুরু, শেষটা নিঃস্ব হয়ে! সহজে টাকা আয়ের রতিন যুগে অনলাইন জুয়ার ফাঁদে পড়েছিলেন শিহাব নামের এক
যুবক। হারানো টাকা ফেরত পাওয়ার...



ইতালিতে বাঁধনের ওপর হামলাকারী ৩ ব্যক্তি শনাক্ত
অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হামলা ও হেনস্তার ঘটনায় জড়িত কয়েকজনের পরিচয় পাওয়া গেছে। ভিডিও বিশ্লেষণ করে
তাদের মধ্যে শিপল মাহমুদ বিশ্বব, ইল...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/entertainment/khaleda-jiyar-saje-chmk-samajik-madhjme-prshngsar-jhr>